

নটর ডেমে পাসের হার ৯৯.৫৬ শতাংশ, কমেছে জিপিএ ৫



ছবি- ফোকাস বাংলা

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৬ নভেম্বর ২০২৩ | ১৯:৫০



২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় রাজধানীর নটর ডেম কলেজ শিক্ষার্থীদের পাসের হার ৯৯ দশমিক ৫৬ শতাংশ। গত বছর এ হার ছিল ৯৯ দশমিক ৮৮ শতাংশ। এবার পাসের হারের পাশাপাশি কমেছে জিপিএ ৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যাও।

এ বছর ৩ হাজার ২০৮ জন পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছেন ৩ হাজার ১৯৪ জন। জিপিএ ৫ পেয়েছেন ২ হাজার ৫২০ জন। আগের বছর জিপিএ ৫ পেয়েছিলেন ২ হাজার ৯০১ জন। এবার জিপিএ ৫ কমেছে ৩৮১টি।

রোববার এইচএসসির ফল ঘোষণার পরই নটর ডেম কলেজে শিক্ষার্থীদের বাঁধভাঙা উচ্ছ্বাস দেখা যায়। শিক্ষার্থীদের পাশাপাশি অভিভাবক-শিক্ষকরাও আনন্দে মেতে ওঠেন। বিজয় চিহ্ন দেখিয়ে ক্যামেরাবন্দি হন শিক্ষার্থীরা। ইন্টারনেটে আগেই ফল জানলেও সহপাঠীদের সঙ্গে আনন্দ ভাগাভাগি করতে শিক্ষার্থীরা ছুটে আসেন ক্যাম্পাসে। প্রিয় শিক্ষকদের সঙ্গে দেখা করে দোয়া নেন তারা। পাশাপাশি চলে নাচ-গান ও মিষ্টি বিতরণ।

এবার নটর ডেম কলেজের বিজ্ঞান থেকে ১ হাজার ৯৫৯ জন, বাণিজ্য থেকে ৪৩১ জন এবং মানবিক বিভাগ থেকে ১৩০ জন জিপিএ ৫ পেয়েছেন।

বাণিজ্য থেকে জিপিএ ৫ পাওয়া ফারহান বলেন, ‘পরিবার ও শিক্ষকদের প্রতি কৃতজ্ঞতা জানাই। শিক্ষকরা নিজের সন্তানের মতো স্নেহ করেছেন। সবচেয়ে বেশি খুশি লাগছে নিজ পরিবারের সদস্যদের সমুপস্থিত করতে পেরে। আমাদের জন্য কঠোর পরিশ্রম করেছেন তারা।’

আরেক শিক্ষার্থী ঈশান বলেন, ‘কঠোর পরিশ্রম বৃথা যায় না। আমাদের সফলতার পেছনে শিক্ষক ও অভিভাবকদের শ্রম রয়েছে।’

সৌরভ দাশ বলেন, ‘ভালো ফলের জন্য শিক্ষক ও নিজ পরিবারের প্রতি কৃতজ্ঞ। আগামীতে নিজেকে দেশের সেবায় নিয়োজিত করতে চাই।’